



বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

রংপুর শাখা, রংপুর।

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

অর্থস্বার্থ আদালত আইন ২০০৩ (সংশোধিত ২০১০) এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসিক ব্যাংক লিমিটেড, রংপুর শাখা, রংপুর এর খেলাপী ঋণ গ্রহীতা “মেসার্স জয় এন্টারপ্রাইজ”, জেবিসেন রোড, মাহিগঞ্জ, থানা রংপুর সদর, জেলা- রংপুর, এর স্বত্বাধিকারী- মোঃ ইব্রাহীম খলিল, জাতীয় পরিচয়পত্র নং-৭৭৭৮২৬৪৬৩৫, জন্ম তারিখ: ২২/০২/১৯৭০ইং, পিতা- মোঃ আবুল কাশেম মিয়া, মাতা-মোছাঃ রাবেয়া খাতুন, ঠিকানা: জেবিসেন রোড, মাহিগঞ্জ, রংপুর সদর, জেলা- রংপুর। ঋণ গ্রহীতার নিকট ২৭/০৩/২০২৪ইং তারিখে ব্যাংকের পাওনা টাকা ৫৪,৩১,৮৮০/- (চয়ান্ন লক্ষ একচল্লিশ হাজার আটশত আশি টাকা মাত্র) আদায়কালতক সুদসহ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত অবকাঠামো কতক শর্ত সাপেক্ষে দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

-শর্তসমূহ-

- ০১) প্রত্যেক দরপত্র দাতাকে তার নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), প্রস্তাবিত মূল্য অংকে ও কথায় লিখে এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখে দাখিল করতে হবে।
- ০২) দরপত্র নির্ধারিত জামানতসহ ৩০-০৪-২০২৪ ইং তারিখ বিকাল ০২.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, রংপুর শাখা, রংপুর- এ রক্ষিত বাক্সে দাখিল করতে হবে এবং উক্ত তারিখ বিকাল ০২.১৫ ঘটিকায় দরপত্র কমিটি কর্তৃক দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে এবং সর্বোচ্চ দরদাতাকে তফসিলী সম্পত্তি ক্রয়ে সর্বাত্মক আহবান করা হবে।
- ০৩) অগ্রহী দরপত্রদাতাকে দাখিলকৃত দরপত্রের সাথে জামানত স্বরূপ নিম্নোক্ত হারে বেসিক ব্যাংক লিমিটেড, রংপুর শাখা, রংপুর এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে: (ক) উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের- ২০%; (খ) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকার অধিক এবং অনূর্ধ্ব ৫০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের- ১৫%; এবং (গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক ক্ষেত্রে উদ্ধৃত দরের - ১০%।
- ০৪) অনূর্ধ্ব ১০.০০ লক্ষ টাকার উদ্ধৃত দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে, ১০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক ও অনূর্ধ্ব ৫০.০০ লক্ষ টাকার দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে এবং ৫০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক দরপত্র গৃহীত হওয়ার ৯০ (নব্বই) দিনের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করবেন, ব্যর্থতায় সমুদয় জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।
- ০৫) উপরে বর্ণিত শর্ত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে ব্যাংক কর্তৃপক্ষ ইচ্ছা করলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করতে পারবে।
- ০৬) দরপত্র গৃহীত না হলে যৌক্তিক সময় পর লিখিত আবেদনের ভিত্তিতে অসফল দরপত্র দাতার জামানত ফেরত দেয়া হবে।
- ০৭) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/ অপর্যাপ্ত প্রতীয়মান হলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৮) নিম্নবর্ণিত এক বা একাধিক তফসিল সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল করা যাবে। তবে কোন তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দাখিলকৃত দরপত্র গ্রহনযোগ্য হবে না।
- ০৯) ক্রয়কৃত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ ও পৌরকর, ভূমিকর, ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করতে হবে।
- ১০) নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য অফিস চলাকালীন সময়ে বেসিক ব্যাংক লিমিটেড, সেন্ট্রেল পয়েন্ট ৯৭/১, সেন্ট্রেল রোড, রংপুর ঠিকানায় যোগাযোগ করতে পারবেন। দরপত্র জমা দেয়ার পর প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, অবস্থান, স্বত্বের দলিলপত্র সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হবে না।
- ১১) শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল কিংবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

বন্ধকী সম্পত্তির তফসিল:

(ক) জেলা- রংপুর, থানা- রংপুর সদর, রংপুর সিটিকর্পোরেশন, রংপুর- এ অবস্থিত ৬৪৪ বঃফুঃ ইমারত সহ ১৫.০০ শতক জমি যার তফসিলঃ মৌজা- মাহীগঞ্জ, জেএল-১৩৯, সি এস খতিয়ান নং ১০৩৮, এসএ খতিয়ান নং ৭৫৫, বিএস খতিয়ান নং ২০৮২, ডিপি-১৯৩, খারিজ খতিয়ান নং-১৫৬৪, সিএস ও এসএ/সাবেক দাগ নং-১১৭১, বিএস/হাল দাগ নং- ২০৭৭, রংপুর সদর, রংপুর, মালিক মোঃ মোঃ ইব্রাহীম খলিল (ঋণ গ্রহীতা)।

শাখা ব্যবস্থাপক
রংপুর শাখা, রংপুর

প্রকাশ তারিখঃ ০২/০৪/২০২৪

১। সমকাল

২। যুগের আলো